রেমালের পর সুন্দরবনবাসীর পাশে টিএমসি-বিজেপির প্রার্থী

নিজস্ব প্রতিবেদন, সুন্দরবন: সুন্দরবনের হিঙ্গলগঞ্জ, সন্দেশখালি ক্ষতিগ্রস্তদের পাশে তৃণমূলের প্রার্থী হাজি নুরুল ইসলাম ও বিজেপির রেখা পাত্র। রেমালের দাপটের পর হিঙ্গলগঞ্জ সন্দেশখালির নদীবাঁধ পরিদর্শন পাশাপাশি গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন হিঙ্গলগঞ্জের বিজেপি প্রার্থী আর সন্দেশখালিতে তৃণমূল প্রার্থী। ধামাখালি সরবেড়িয়া বেরমজুর বিভিন্ন এলাকার মানুষের সঙ্গে কথা বলেন তৃণমূল প্রার্থী শেখ হাজি নুরুল ইসলাম সঙ্গে ছিলেন সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতো। বিজেপি প্রার্থী রেখা পাত্র হিঙ্গলগঞ্জের স্বরূপকাঠি, দুলদুলি ও সন্দেশখালি

একাধিক এলাকায় ভরাকোটালে নদীর জল বিপদ সীমার ওপর দিয়ে বইছে। বেশ কিছু নদীবাঁধ প্লাবিত হয়ে গ্রামের মধ্যে নোনা জল ঢুকতে শুরু করেছে। ওই সব এলাকার পরিদর্শনে এলেন বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্র।

তিনি বলেন, 'সুন্দরবনের বিভিন্ন এলাকা থেকে ফোন করে তাঁকে জানানো হচ্ছে। নদীর বাঁধ উপচে গ্রামের মধ্যে নদীর নোনা জল ঢুকেছে। সে কারণে বেশ কিছু মাটির বাড়ি ভেঙে পড়েছে। তাই তাদের সঙ্গে দেখা করে একটি হেল্পলাইন নম্বর দেওয়া হল কারও কোনও অসুবিধা হলে ফোন করলে তাঁদের পাশে সমস্ত রকম ভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেব।' গোটা সুন্দরবন জুড়ে দমকা হাওয়া ও বৃষ্টির ফলে প্রশাসনের তরফ থেকে সমস্ত ঘাটের ফেরি ও ভেসেল পরিষেবা পুরোপুরি স্তব্ধ রাখা হয়েছে। যেহেতু নদীর জলস্তর বেড়ে যাওয়ায় নদীতে পারাপার হওয়া পুরোটাই ঝুঁকিপূর্ণ। বেশকিছু গাছ উপড়ে গিয়েছে। বিদ্যুৎ খুঁটি ভেঙেছে। তবে ঝড়ের কারণে মৃত্যুর কোনও খবর পাওয়া যায়নি। সময় যত গড়াচ্ছে ততই পরিস্থিতি স্বাভাবিক হচ্ছে।

রেমালে বেসামাল বর্ধমানের কেতুগ্রাম, রায়না, পূর্বস্থলী

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমান জেলা বিপর্যয় মোকাবিলা দপ্তরের পক্ষ থেকে জানানো হয় শেষ ২৪ ঘণ্টায় ঝড় বৃষ্টিপাত হয়েছে ২৪.৩ মিলিমিটার। সোমবার বিকেল পর্যন্ত চারটি ব্লক ক্ষতিগ্রস্ত হয়েছে, যেমন কেতুগ্রাম এক, কেতুগ্রাম দুই, রায়না দুই এবং পূর্বস্থলী ২ ব্লক।

এছাড়াও ৩১টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে, তাতে ২১৬ জন মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানা গিয়েছে এবং দুর্ভাগ্যজনক ভাবে দু'জন মানুষ মারা যান তরিতাদহ হয়ে। পূর্ব বর্ধমান জেলায় একটি মাত্র পশু মারা গিয়েছে বলে জানিয়েছে জেলা বিপর্যয় মোকাবিলা দপ্তর। এছাড়াও জেলা জুড়ে ৪৩টি বাড়ির অল্প বিস্তর ক্ষতি হয়েছে এবং পাঁচটি বাড়ির পুরোপুরি ক্ষতি হয়েছে সেগুলো রায়না ২ ব্লকে। ইতিমধ্যেই ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রিপল সহ জামাকাপড় বিলি শুরু হয়েছে।

জেলা বিপর্যয় মোকাবিলা দপ্তর থেকে আরও জানানো হয়, রেমাল ঘূর্ণিঝড় রবিবার মাঝ রাতে আছড়ে পড়েছে এবং তারপর থেকে পুরো বর্ধমান জেলায় হালকা ঝোড়ো হাওয়া কখনও কখনও ঝড়ের দাপট কিছুটা বেড়েছে। সোমবার ভোরবেলা থেকে মাঝারি থেকে ভারী বৃষ্টি দফায় দফায় হয় এবং আগামী ২৪ ঘণ্টায় বৃষ্টির প্রকোপ কিছুটা হলেও কমবে বলে আইএমডি সূত্রে জানা গিয়েছে। সোমবার রাতের পর থেকে আবহাওয়ার উন্নতি হবে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গিয়েছে।

পথ দুর্ঘটনায় মৃত ২

নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ: মর্মান্তিক পথ দুর্ঘটনায় প্রাণ গেল দু'জনের। দুর্ঘটনাটি ঘটেছে রবিবার রাত ১টা নাগাদ রায়গঞ্জ শহরে দেহশ্রী মোড়ে। মৃতরা হল অভিজিৎ সরকার (৩৫) ও অরূপ কুমার কুন্ডু (৩৭)। অভিজিতের বাড়ি রবীন্দ্রপল্লিতে। অপরদিকে অরূপ বন্দরের বাসিন্দা। দেহ দু'টি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে রায়গঞ্জ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। ঘটনায় আহত একজন। তাঁকে হাসপাতালে পাঠানো হয়েছে।

প্রাথমিক তদন্তের পর পুলিশ জানিয়েছে, একটি বাইকে ২ আরোহী প্রচণ্ড গতিতে এসে নিয়ন্ত্রণ হারিয়ে অরূপ কুন্ডু নামে ওই পথচারীকে ধাক্কা মেরে রাস্তার ডিভাইডারে ছিটকে পড়েন। ঘটনাস্থলেই দু'জনের মৃত্যু হয়।

"ফর্ম নং আইএনসি-২৬"
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-র রুল ৩০ অনুসারে]
এক রাজ্য থেকে অন্য রাজ্যে কোম্পানির নিবন্ধিত অফিস পরিবর্তনের জন্য বিজ্ঞাপন প্রকাশ
কেন্দ্র সরকার (রিজিওনাল ডিরেক্টর) ইস্টার্ন রিজিয়ন এর সমক্ষে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর সেকশন ১৩-র সাব-সেকশন (৪) এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-র রুল ৩০-এর সাব-রুল (৫) এর ক্লজ (এ) এর বিষয়ে
এবং
ফেইথফুল কমার্শিয়াল লিঃ যার নিবন্ধিত অফিসের ঠিকানা-বৃন্দাবন গার্ডেন, বিল্ডিং নং বি-৫, ৪র্থ ফ্লোর, ফ্ল্যাট নং ১ এবং ২, ৯৮, ক্রিস্টোফার রোড কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৪৬ -এর বিষয়ে .....আবেদনকারী
এতদ্বারা জনসাধারণকে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানি 'পশ্চিমবঙ্গ রাজ্য' থেকে 'উত্তরপ্রদেশ রাজ্য' -তে তাদের রেজিস্টার্ড অফিস পরিবর্তনে সমর্থ হওয়ার জন্য ১৮ই মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাবের শর্তে কোম্পানির মেমোরান্ডাম অফ অ্যাসোসিয়েশনের বদলে নিশ্চিতকরণ চেয়ে ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারা অধীন কেন্দ্রীয় সরকারের কাছে একটি দরখাস্ত করার মনস্থ করেছে।
কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত পরিবর্তনের ফলে যদি কোনও ব্যক্তির স্বার্থ বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকে তবে তিনি তা জানাতে পারেন ইনভেস্টর কমপ্লেন্ট ফর্ম পেশ করে এমসিএ-২১ পোর্টালে (www.mca.gov.in) বা ডেলিভারির কারণ বা রেজিস্টার্ড ডাকে প্রেরণ তাঁর (পুং/স্ত্রী) আপত্তি একটি হলফনামা দ্বারা সমর্থিত যাতে থাকবে তাঁর (পুং/স্ত্রী) স্বার্থের ধরন এবং বিরোধিতার কারণ দেখিয়ে আঞ্চলিক অধিকর্তার কাছে, নিজাম প্যালেস, ২ - এমএসও বিল্ডিং, ২৩৪/৪, এ.জে.সি. বোস রোড, কলকাতা- ৭০০০২০, পশ্চিমবঙ্গ ঠিকানায় এই নোটিস মুদ্রিত হওয়ার তারিখ থেকে চৌদ্দ দিনের মধ্যে পাঠাতে হবে, সঙ্গে একটি কপি দরখাস্তকারী কোম্পানিকে তাঁদের রেজিস্টার্ড অফিসে নিম্নে বর্ণিত ঠিকানায় :
রেজিস্টার্ড অফিস: বৃন্দাবন গার্ডেন, বিল্ডিং নং বি-৫, ৪র্থ ফ্লোর, ফ্ল্যাট নং ১ এবং ২, ৯৮, ক্রিস্টোফার রোড কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৪৬
মেসার্স ফেইথফুল কমার্শিয়াল লিঃ এর পক্ষে এবং জন্যে
স্বা-
স্বা/- সুমিত রুটা (ডিরেক্টর)
DIN: 01321766
তারিখ: ২৭.০৫.২০২৪
স্থান: কলকাতা
ঠিকানা: ২০৭, সরাফ রেসিডেন্সি, বেটিয়াহাটা, গোরখপুর, উত্তরপ্রদেশ-২৭৩০০১

রেমালের প্রভাবে মানিকচকের গঙ্গায় বন্ধ জলযান

নিজস্ব প্রতিবেদন, মালদা: ঘূর্ণিঝড় রেমালের প্রভাব পড়ল মালদার মানিকচকের গঙ্গা তীরবর্তী এলাকায়। সোমবার সকাল থেকেই মালদায় বৃষ্টি, ঝোড়ো হাওয়া শুরু হওয়াতেই মানিকচকের গঙ্গাঘাটে সমস্ত রকম নৌ-যান বন্ধ রাখা হল। এমনকি যাত্রীবাহী লঞ্চও বন্ধ রাখার নির্দেশ দেয় জেলা পুলিশ ও প্রশাসন। মালদার মানিকচকের গঙ্গা নদীর ওপারে রয়েছে ঝাড়খণ্ডের রাজমহল এলাকা। প্রতিদিনই অসংখ্য যন্ত্রচালিত নৌ-যান এবং বড় ধরনের লঞ্চ এই গঙ্গা নদী দিয়েই পারাপার হয়। অসংখ্য যাত্রী এবং বিভিন্ন ধরনের ভারী যানবাহন লঞ্চে করেই মানিকচক থেকে রাজমহল আবার রাজমহল থেকে মানিকচকে যাতায়াত করে। কিন্তু প্রবল হাওয়া এবং তার সঙ্গে বৃষ্টির জেরেই এদিন সকাল থেকেই মানিকচকের গঙ্গাঘাটে সমস্ত রকম জলযান বন্ধ রাখার নির্দেশ জারি করে জেলা প্রশাসন। পাশাপাশি এদিন সকাল থেকেই কন্ট্রোল রুম খোলা হয় জেলা প্রশাসনিক ভবনে। সাত সকালেই মালদার জেলাশাসক নীতিন সিংহানিয়া চলে আসেন কালেক্টরেট বিল্ডিংয়ে। ঝড়ের প্রভাব নিয়ে বিভিন্ন ব্লকের পরিস্থিতির খোঁজখবর নেন জেলাশাসক।

মানিকচকের শংকরটোলা ঘাটের নৌ চালকদের দাবি, ঘূর্ণিঝড়ের জন্যই এদিন খেয়া পারাপার বন্ধ রাখা হয়েছে। নৌকা, লঞ্চ সহ কোনও রকমের জলযান এদিন চলাচল করেনি। এদিন দুপুরে ঝোড়ো বাতাস ও বৃষ্টির মধ্যে আচমকা মালদা জেলা প্রশাসনিক ভবনের সামনে পূর্ণবয়স্ক একটি গাছের ডালের বড় অংশ হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। বিষয়টি জানতে পেরেই দুর্যোগ মোকাবিলা দপ্তরের কর্মীরা এসে সেই গাছের ডাল প্রশাসনিক ভবনের রাস্তা থেকে তড়িঘড়ি সরিয়ে ফেলার ব্যবস্থা করেন। ধান, গম, পাট সহ বেশ কিছু সবজি ও ফসলে ক্ষয়ক্ষতির প্রভাব পড়তে পারে বলে জানিয়েছে জেলা কৃষি দপ্তর।

জেলাশাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন, ঘূর্ণিঝড় রেমালের প্রভাব মালদায় সে ভাবে পড়েনি। সোমবার সকাল থেকে বৃষ্টি হয়েছে। সামান্য বাতাস রয়েছে। জেলার কোনও অংশে তেমন কোনও ক্ষয়ক্ষতির ঘটনা ঘটেনি।

মোবাইল চোর সন্দেহে যুবক ধৃত

নিজস্ব প্রতিবেদন, মালদা: মোবাইল চোর সন্দেহে এক যুবককে মালদা টাউন স্টেশনের প্ল্যাটফর্ম থেকে গ্রেপ্তার করল জিআরপি। সোমবার সকালে এই ঘটনার পর দুপুরে ধৃত ওই যুবককে মালদা আদালতে পেশ করেছে জিআরপি। মালদা টাউন স্টেশন জিআরপি সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম অজয় বারুই (২০০)। তাঁর বাড়ি বর্ধমানের সীতারামপুরে। চলন্ত ট্রেন ও প্ল্যাটফর্ম থেকে একাধিক মোবাইল চুরির অভিযোগ রয়েছে দ্রুত যুবকের বিরুদ্ধে। অনেকেই ট্রেনে উঠে ঘুমিয়ে পড়লে দুষ্কৃতীরা সেই সুযোগে মোবাইল হাতিয়ে নেয়। এধরনের একটি চক্র কাজ করছে বলে অনুমান রেল পুলিশের। এদিন মালদা টাউন স্টেশনে সন্দহজনক ভাবে ওই যুবককে ঘোরাফেরা করছিলেন। তাঁকে আটক করে জিজ্ঞাসাবাদ করেও সন্তোষজনক উত্তর না মেলায় গ্রেপ্তার করা হয় ওই যুবককে। ধৃত যুবকের বিরুদ্ধে পুরনো মামলা রয়েছে বলেও রেল পুলিশ সূত্রে জানা গিয়েছে।

ঘূর্ণিঝড়ে ভদ্রেশ্বরে দোতলা বাড়ির একাংশ ভেঙে আহত ১

নিজস্ব প্রতিবেদন, ভদ্রেশ্বর: রবিবার রাতে হুড়মুড়িয়ে ভেঙে পড়ে দোতলা বাড়ির একাংশ। সেই সময় পাশের বাড়িতেই ছিলেন পরিবারের সকলে। ভদ্রেশ্বর তেলিনিপাড়ার বাবুরবাজারে ৭ নং ফেরিঘাট স্ট্রিটের পরিবার নিয়ে বসবাস করেন তরুণ পাড়ুই। সেখানে বাড়ির একাংশ ভেঙে ইটের টুকরো ছিটকে এসে ঘটনায় আহত হন তরুণের স্ত্রী শুকতারা পারুই। সংজ্ঞাহীন অবস্থায় তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে ছেড়ে দেওয়া হয়। বাড়ির নীচে থাকা তিনটি সাইকেল ও একটি বাইক চাপা পড়ে যায়। পরিবারের লোকজন আতঙ্কিত হয়ে ছোটাছুটি করতে থাকেন। তরুণের বাড়িতে ফাটল দেখা দিয়েছে। যদিও পরিত্যক্ত বাড়িটি বেশ পুরনো। খবর পেয়ে সোমবার সকালে যায় ভদ্রেশ্বর পুরসভার কর্মীরা গিয়ে উদ্ধার কাজে হাত লাগান। তরুণ পাড়ুই বলেন, 'রাতে ঘুমোচ্ছিলাম সে সময় হঠাৎ একটি বিকট শব্দ শুনে দেখি পাশের বাড়ির একাংশ ভেঙে পড়েছে আমাদের বাড়ির ওপর। একাধিকবার জানিয়েও কোনও রকম ব্যবস্থা করেনি। আমার নিজের ঘরেও ফাটল ধরেছে। স্ত্রীর মাথায় আঘাত লেগেছে। আমাদের ক্ষতিপূরণ লাগবে।'

ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড
CIN: L45201WB1996PLC077451
রেজিস্টার্ড অফিস: ৪০৯, স্বায়িকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (প.ব.)৭০০০০১, ফোন: ০৩৩-২২৩৪৩৬৭৩
ওয়েবসাইট : www.dynamicarchistructures.com, **ইমেল:** info@dynamicarchistructures.com

৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের নিরীক্ষিত আর্থিক ফলাফল (ইপিএস ছাড়া টাকার অঙ্ক কোটিতে)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত/চলতি বর্ষ সমাপ্ত	বর্ষ থেকে তারিখ অর্থাঙ্ক/পূর্ববর্তী বর্ষ সমাপ্ত	অনুরূপ ৩ মাস সমাপ্ত পূর্ববর্তী বর্ষের
		৩১.০৩.২০২৪	৩১.০৩.২০২৪	৩১.০৩.২০২৩
১	কার্যাদি থেকে মোট আয়	০.৭৯	৭.০১	০.১৬
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে #)	(০.১৬)	৫.৪০	(০.৫৬)
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	(০.১৬)	৫.৪০	(০.৫৬)
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	(০.২০)	৪.৭৯	(০.৫৩)
৫	সময়কালের জন্য মোট আনুপৃষ্ঠিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী)এবং অন্যান্য আনুপৃষ্ঠিক আয়(করের পরে)]	(০.২০)	৪.৭৯	(০.৫৩)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৫.০১	৫.০১	৫.০১
৭	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য)			
	১. মৌলিক :	(০.৩৯)	৯.৫৭	(১.০৬)
	২. মিশ্রিত :	(০.৩৯)	৯.৫৭	(১.০৬)

দ্রষ্টব্য :
ক উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের নির্যাস যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com -এ পাওয়া যাবে।
খ #- ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা ইন্ড এএস রুলস অনুযায়ী লাভ এবং ক্ষতির বিবরণে সামঞ্জস্য করা হয়েছে।

ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
দানমাল পোরওয়াল
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর (DIN- 00581351)
স্থান: কলকাতা
তারিখ: ২৭.০৫.২০২৪

এসএমআইএফএস ক্যাপিটাল মার্কেটস্ লিঃ
রেজিঃ অফিস : "বৈভব" (৪এফ), ৪, লী রোড, কলকাতা-৭০০০২০
CIN No: L74300WB1983PLC036342
দূরভাষ : ০৩৩-২২৯০-৭৪০০/৭৪০১/৭৪০২/০৫৪৪, ফ্যাক্স নং: ০৩৩-২২৮৭-৪০৪২, ২২৪০-৬৮৮৪
ই-মেল আইডি : smifscap@gmail.com, ওয়েবসাইট : www.smifscap.com

৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক নিরীক্ষিত আর্থিক ফলাফল (লক্ষ টাকায়)

বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন			কনসোলিডেটেড		
	৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত)	৩১.০৩.২০২৪ সমাপ্ত চলতি সময়কালের জন্য বর্ষ থেকে তারিখের অর্থাঙ্ক (নিরীক্ষিত)	৩১.০৩.২০২৩ পূর্ব বর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত (নিরীক্ষিত)	৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত)	৩১.০৩.২০২৪ সমাপ্ত চলতি সময়কালের জন্য বর্ষ থেকে তারিখের অর্থাঙ্ক (নিরীক্ষিত)	৩১.০৩.২০২৩ পূর্ব বর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত (নিরীক্ষিত)
কার্যাদি সূত্রে মোট আয় (নিট)	৭৮২.৭৭	২৩,৯৬৭.৮৫	১,১৬৩.৭৮	৭৮৬.৬০	২৩,৯৮৬.৪৬	১,১৬৮.৩০
নিট লাভ(+)/ক্ষতি(-) কর পূর্ববর্তী	৯০.৪৪	৩২৯.২৪	৪৫.৯৫	৮৯.৮৩	৩২৯.৩৪	৪৬.৯৬
নিট লাভ(+)/ক্ষতি(-) কর পরবর্তী সময়কালের জন্য	৬৭.৫০	২৪১.০৯	৪২.২৫	৬৫.৬৬	২৪০.৯০	২৭.৬৭
মোট আনুপৃষ্ঠিক আয় সময়কালের জন্য {লাভ/(ক্ষতি) করের পরে সময়ের জন্য এবং অন্যান্য আনুপৃষ্ঠিক আয় করের পরে এর জন্য}	(১৭.৭৮)	১,১৬০.১২	(৮৯.২২)	(১৮.১৮)	১,১৫৪.৬৮	(৮৮.২৮)
চুকিয়ে দেওয়া ইকুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটি)	৫৫৮.৫	৫৫৮.৫	৫৫৮.৫	৫৫৮.৫	৫৫৮.৫	৫৫৮.৫
শেয়ার-পিছু আয় (ইপিএস) (বার্ষিকীকৃত নয়)						
ক) মৌলিক (টা.)	১.২১	৪.৩২	০.৭৬	১.১৮	৪.৩১	০.৫০
খ) মিশ্রিত (টা.)	১.২১	৪.৩২	০.৭৬	১.১৮	৪.৩১	০.৫০

১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের জন্য স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ। এই আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটসমূহ (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.smifscap.com -এ।

এসএমআইএফএস ক্যাপিটাল মার্কেটস্ লিঃ-এর পক্ষে
কিশোর শাহ
ম্যানেজিং ডিরেক্টর
স্থান : কলকাতা
তারিখ: ২৭.০৫.২০২৪

সূর্য ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্টস লিমিটেড
CIN: L65921WB1980PLC033204
রেজি অফিস ১৪/১ বি, এজরা স্ট্রিট, কলকাতা পর্ব ৭০০০০১ ভারত
ইমেল: slj2200@gmail.com

৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত তিন মাস এবং বর্ষের স্ট্যান্ডালোন নিরীক্ষিত আর্থিক ফলাফলের প্রতিবেদনের সংক্ষিপ্ত (লক্ষ টাকায়)

ক্রম নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত ৩১-মার্চ, ২০২৪ (নিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৪ (নিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ, ২০২৩ (নিরীক্ষিত)
১.	মোট আয় কারবার থেকে (নিট)	০.১৮	২১.৮০	০.৬৯
২.	নিট লাভ (ক্ষতি) তিন মাস / বর্ষের (কর, ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পূর্ব)	(০.৭৭)	১৬.৯৫	(০.৬১)
৩.	নিট লাভ (ক্ষতি) তিন মাস / বর্ষের কর পূর্ব (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	(০.৭৭)	১৬.৯৫	(০.৬১)
৪.	নিট লাভ (ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পরবর্তী (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	(০.৮২)	১৬.৮৭	(২.২৩)
৫.	মোট সংবদ্ধ আয় সংশ্লিষ্ট সময়ের [লাভ (ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর পরবর্তী) এবং অন্যান্য সংবদ্ধ আয় (কর পরবর্তী) সমন্বিত]	(০.৮২)	১৬.৮৭	(২.২৩)
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন	২০.০০	২০.০০	২০.০০
৭.	সংরক্ষণ (পুনর্মূল্যায়নের সংরক্ষণ ব্যতীত) পূর্ব বর্ষের ব্যালেন্সশিট অনুযায়ী			
৮.	৮ শেয়ার পিছু আয় (প্রতিটি ১০ টাকা) (কারবার চালু এবং বন্ধের সময়ের)- মূল : মিশ্র :	(০.৪১) (০.৪১)	৮.৪৩ ৮.৪৩	(১.১১) (১.১১)

দ্রষ্টব্য :
ক) উক্ত তিন মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত বয়ানের সংক্ষিপ্ত ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে সংযুক্ত হয়েছে। তিন মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট এবং তালিকাভুক্ত সংস্থার ওয়েবসাইট http://suryaindustrialdevelopments.in.net থেকে পাওয়া যাবে।
খ) ৩১ মার্চ ২০২৪ তারিখে সমাপ্ত তিন মাস এবং বর্ষের আর্থিক ফলাফল ইন্ড এএস অনুযায়ী অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত এবং কোম্পানির ডিরেক্টর বোর্ড কর্তৃক ২৭ মে ২০২৪ তারিখের সভায় অনুমোদিত।
গ) ৩১ মার্চ ২০২৪ এবং ৩১ মার্চ, ২০২৩ সমাপ্ত ত্রৈমাসিকের চিত্রগুলি হল ৩১ শে মার্চ, ২০২৪ এবং ৩১ মার্চ, ২০২৩ সমাপ্ত বছরের নিরীক্ষিত পরিসংখ্যান এবং শেষ হওয়া নয় মাসের জন্য প্রকাশিত বছরের থেকে তারিখের পরিসংখ্যানগুলির মধ্যে ভারসাম্যপূর্ণ চিত্র প্রাসঙ্গিক বছর যা সীমিত পর্যালোচনা সাপেক্ষে ছিল।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
সত্য নারায়ণ সুরেকা
(DIN: 00567139)
ডিরেক্টর
তারিখ : ২৭ মে, ২০২৪
স্থান: কলকাতা

SBI
এসবিআই, আরএসিপিসি ব্যারাকপুর
৬৬, ব্যারাক রোড, পোঃ- ব্যারাকপুর, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন - ৭০০১২০

দখল বিজ্ঞপ্তি, (স্থাবর সম্পত্তির জন্য), পরিশিষ্ঠ, [রুল ৮(১)]
এ/সি. নং. ৩৯১০১৯৬১১০০ (এইচবিএল), ৩৯১০২৪৭৬৫৪৪(এসবিআই সুরক্ষা), ৩৯২১২৮৯৪৭৮২ (টপ-আপ-১) এবং ৪০৭২৫০৮৩৬৫৬ (টপ-আপ-২)

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২ এর ৫৪) অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে অর্পিত ক্ষমতাবলে, ১৬.০৩.২০২৪ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারিপূর্বক **ঋণগ্রহীতা শ্রী অভিজিৎ বণিক, পিতা- জীবন বণিক ও সহ-ঋণগ্রহীতা- শ্রীমতী শিবানী বণিক,** স্বামী- জীবন বণিক ঠিকানা-বৈষ্ণব বাগান, পোস্ট- পাটুলিয়া, খড়দহ (মি) থানা- খড়দহ, জেলা - উত্তর ২৪ পরগনা, পিন- ৭০০১১৯ -কে আহ্বান জানিয়ে নোটিশে উল্লিখিত **১৮,৭১,০৭৭.৩৭ টাকা (আঠারো লক্ষ একাত্তর হাজার সাতাত্তর টাকা এবং সাঁইত্রিশ পয়সা মাত্র) ১১.০৩.২০২৪ অনুযায়ী** সেইসঙ্গে আরও সুদ পরিশোধ করতে বলেন উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর।
ঋণগ্রহীতা/ জামিনদার টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতা/জামিনদার এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন **২৪ মে,২০২৪** তারিখে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এক্টের রুল ৮ এর সঙ্গে পঠিত সেকশন ১৩ -এর সাব সেকশন (৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে।
বিশেষভাবে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে **১৮, ৭১,০৭৭.৩৭ টাকা (আঠারো লক্ষ একাত্তর হাজার সাতাত্তর টাকা এবং সাঁইত্রিশ পয়সা মাত্র) ১১.০৩.২০২৪ অনুযায়ী** সেইসঙ্গে আরও সুদ স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি ব্যারাকপুর -এর ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতা এবং /বা জামিনদারের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।

স্থাবর সম্পত্তির বিবরণ
মৌজা- পাটুলিয়া, জেএল ন